মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd
ISO 9001:2015 Certified



স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৬. ৬৭৭০

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির **"লাইন টেকনিশিয়ান"** এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত,২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও পদ সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান ০৮ টি (কম/বেশী হতে পারে) | (ক) এসএসসি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইন ক্রু হিসেবে মোট চাকুরীকাল ন্যূনতম ১০(দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় ট্রেনিং উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে।<br>(ছ) লাইন ক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঝ) মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত,২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এর সকল শর্ত পূরণ হতে হবে।<br>(ঞ) জনগণের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, শিক্ষানবীশ লাইনম্যান পদে চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, প্রথম নিয়মিতকরণের তারিখ, লাইনম্যান গ্রেড-১ পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র আগামী **২৫/০৮/২০২৬ খ্রি.** তারিখ **রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারযোগে/হাতে হাতে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।**

আবেদনকারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫২.০০০২.২৬.৭০০, তারিখ-১২/০৪/২০২৬ খ্রি. এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০২। **আবেদন পত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র এজিএম(এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি,
(খ) পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি,
(গ) বিগত ০৪(চার) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি,
(ঘ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি,
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি,
(চ) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,
(ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং **বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে দণ্ড থাকলে দণ্ডের বিবরণসহ এবং দণ্ড না থাকলেও সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক** বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) কোন কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১(এক) বছর এবং গুরু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২(দুই) বছর যোগ্য হিসেবে বিবেচিত হবেন না (দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে);

(খ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে;

(ঘ) প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা সার্ভিস কোড/ নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৬। মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত,২০১২) প্রতিপালন করা হবে।

০৮। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৯। প্রার্থীদের কম্পিউটার পরিচালনা সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকা কাম্য।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১২। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মা ধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................................... পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, মৌলভীবাজার/সদর দপ্তর-কারিগরি/কমলগঞ্জ/রাজনগর/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৬। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া/সিন্দুরখাঁন সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৭। এজিএম(অর্থ-হিসাব/প্রশাসন/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম/আইটি/এইচআর), মৌলভীবাজার পবিস (এজিএম(আইটি) বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইটে ও ফেসবুক পেইজে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৯। অফিস ফাইল/মাস্টার ফাইল।

( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার